

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮৬.২০১৮, ১২৬-৭

তারিখঃ ১৫ অগ্রহায়ন, ১৪২৫।
২০ নভেম্বর ২০১৮।

বিষয়ঃ রিট পিটিশন নং ১১৬৯০/২০১৮ এর দফাওয়ারী বাংলা/ইংরেজি জবাব ও অন্যান্য রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব হোসনে আরা বেগম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সুবচরী হাইস্কুল সংলগ্ন কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), সদর, শরীয়তপুর গং- (৩ জন শিক্ষক) তাঁরা প্রধান শিক্ষক হিসেবে গেজেটভুক্তির দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১১৬৯০/২০১৮ দায়ের করেছেন। উক্ত রিট পিটিশনে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শরীয়তপুরকে ৫নং বিবাদী করা হয়েছে। মামলায় সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহে প্রধান শিক্ষক নিয়োগ প্রদানের বিষয়ে ০৬ (ছয়) মাসের status-quo মেইনটেন করার জন্য প্রতিপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণপূর্বক রিট পিটিশন নং ১১৬৯০/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাবসহ নিম্নোক্ত রেকর্ডসমূহ আগামী ২৯ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১) রিট পিটিশন নং- ১১৬৯০/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ২) প্রেরিত ওকালতনামায় স্বাক্ষর প্রদান ৩(তিন)টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৩) প্রেরিত ক্ষমতাপত্র পত্রে স্বাক্ষর ৩(তিন) টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৪) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- ৫) Statment of Fact (SF).

সংযুক্তি : ১) আর্জির কপি।
২) ওকালতনামা ও ক্ষমতা অর্পন পত্র।

বিঃ দ্রঃ প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।

(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
শরীয়তপুর

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮৬.২০১৮, ১২৬-৭/২

তারিখঃ ১৫ অগ্রহায়ন ১৪২৫।
২০ নভেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা (তাকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

২। সংরক্ষণ নথি।

(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)